গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৪.০১.০০৩.১৪/

তারিখঃ ৬ ফাল্গুন, ১৪২২ বঃ
১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ

বিষয়ঃ আমদানি-রপ্তানি পণ্যের সঠিক শ্রেণীবিন্যাসের লক্ষ্যে কমিটি গঠন।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মাঠপর্যায়ের কাস্টম হাউস/স্টেশন সমূহে আমদানি-রপ্তানি পণ্যের শ্রেণীবিন্যাস নিয়ে অযথা হয়রানি করা হচ্ছে মর্মে সম্প্রতি বিভিন্ন ফোরামে স্টেকহোল্ডারগণ অভিযোগ উত্থাপন করেছেন। জাতীয় রাজস্ব বোর্ডে বিগত কয়েক মাসে পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে প্রাপ্ত আবেদন পর্যালোচনা করলে এ সমস্ত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়। শ্রেণীবিন্যাস বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডে বিপুল সংখ্যক আবেদন আসা বা দীর্ঘসূত্রীতা প্রকারান্তরে মাঠ পর্যায়ে কাস্টমস কর্মকর্তাদের পণ্যের শ্রেণীবিন্যাসের বিষয়ে অদক্ষতা বা জ্ঞানের স্বীমাবদ্ধতা প্রকাশ করে, যা অনভিপ্রেত ও স্বাভাবিক আন্তর্জাতিক বাণিজ্যের জন্য একটি প্রতিবন্ধক।

০৩। আমদানি-রপ্তানি পণ্যের শ্রেণীবিন্যাস সংক্রান্ত সাধারণ বিরোধ বা জতিলতা মাঠপর্যায়েই নিস্পত্তি হওয়া সমীচীন। যে আইনি ব্যাখ্যার আলোকে পণ্যের সঠিক এইচ.এস.কোড নির্ধারিত হয় তা সকলের জন্য সমভাবে প্রযোজ্য, অধিকন্তু বিভিন্ন বিষয়ে The Customs Act, 1969 এ সংশ্লিষ্ট কমিশনারকে প্রয়োজনীয় ক্ষমতা অর্পণ করা আছে। কমিশনারগণ সেই আইনগত ক্ষমতা সদ্ব্যবহার না করার কারণেই এ ধরনের সমস্যার সৃষ্টি হচ্ছে মর্মে প্রতীয়মান হয়।

০৪। বর্ণিতাবস্থায়, সকল কাস্টম হাউসে সংশ্লিষ্ট কমিশনারের নেতৃত্বে পণ্যের শ্রেণীবিন্যাস সম্পর্কে সম্যক জ্ঞান ও ধারনা আছে এইরূপ কর্মকর্তাদের নিয়ে ৫-৭ সদস্য বিশিষ্ট একটি শ্রেণীবিন্যাস কমিটি দ্রুত গঠনপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত কমিটি আমদানি-রপ্তানি পণ্যের সকল ধরনের শ্রেণীবিন্যাসগত সমস্যা/মতপার্থক্যের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে বিদ্যমান আইন, বিধি, বিসিটি ও এক্সপ্লানেটোরি নোটস্-এর আলোকে প্রয়োজনে আমদানি/রপ্তানি পণ্যের কায়িক/রাসায়নিক পরীক্ষাপূর্বক পরীক্ষা প্রতিবেদন নিয়ে পর্যালোচনা সভা করবেন। এছাড়াও প্রয়োজনে অন্যান্য কমিশনার কিংবা অভিজ্ঞ অন্যান্য কর্মকর্তাদের সাথে আলোচনা এবং তথ্য প্রযুক্তির সহায়তায় দ্রুত সঠিক সিদ্ধান্তে উপনীত হবেন। এভাবে আলাপ আলোচনার মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত কার্যবিবরণী আকারে জারী করতে হবে এবং এর অনুলিপি জাতীয় রাজস্ব বোর্ড সহ সকল কাস্টম হাউস/স্টেশনে প্রেরণ করতে হবে।

১৮/২/২০১৬
(মোঃ ফরিদ উদ্দিন)
সদস্য গ্রেড-১ (শুল্ক নীতি)

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ পানগাঁও/ আইসিডি (কমলাপুর)/ চট্টগ্রাম/ বেনাপোল/ মংলা।
৭-২২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা(উত্তর)/ ঢাকা(দক্ষিণ)/ ঢাকা(পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/বৃহৎ করদাতা ইউনিট/ ঢাকা-১(আপীল)/ ঢাকা-২(আপীল)/ চট্টগ্রাম(আপীল)/ খুলনা(আপীল)।
২৩-২৬। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ শুল্ক রেয়াত ও প্রত্যার্পন পরিদপ্তর/ মূসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি চট্টগ্রাম।
২৭-২৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২৯। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট।
৩০। প্রথম সচিব, শুল্ক নীতি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা।
৩১। দ্বিতীয় সচিব, শুল্ক নীতি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা।
৩২। ব্যক্তিগত সহকারি, সদস্য (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।